

চলে গেলেন মল্লয়া হক

অত্যন্ত দুঃখের সাথে জানাচ্ছি সিডনির বিশিষ্ট সমাজকর্মী এবং সাংস্কৃতিক সংগঠক মল্লয়া হক আজ বিকেল তিনটায় (২৯/৭/২১) বার্ষিক্যজনিত রোগে ৮২ বছর বয়সে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। সিডনির ঐতিহ্যবাহী সংগঠন বঙ্গবন্ধু পরিষদ অস্ট্রেলিয়া-র প্রতিষ্ঠাতা সভাপতি প্রয়াত গাজী রুহুল হক উজ্জলের সহধর্মিণী মল্লয়া হক একমাত্র পুত্রসন্তান রাহুল এবং পুত্রবধু পলা এবং ওদের দুই কন্যাকে রেখে গেছেন এ শোক বহন করবার জন্য।

আশি দশকের শেষভাগ থেকে যখন সিডনির বাঙালি সংস্কৃতির চর্চা ও বিকাশ হাঁটি হাঁটি পা পা পর্যায়ে তখন নিজস্ব মেধা এবং প্রজ্ঞা দিয়ে তাকে সমুখে এগিয়ে নেন মল্লয়া হক। সেই সময়ে এমন কোন সাংস্কৃতিক কর্মকান্ড ঘটেনি মল্লয়া হকের পরশ ছাড়া নেতৃত্ব ছাড়া। এসবিএস রেডিও-র বাংলা অনুষ্ঠানের গোড়াপত্তনও মল্লয়া হকের হাতে। বহুদিন ধরে এই অনুষ্ঠানটির পরিচালনার দায়িত্বেও ছিলেন তিনি। বঙ্গবন্ধু পরিষদের সকল অনুষ্ঠানে তাঁর স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ ছিল উৎসাহ ব্যঞ্জক। নতুন অভিবাসীদের বরণ করে স্থায়ী হতে সাহায্য করা ছিলো তাঁর নেশা। সে সমস্ত দিনের গল্প এখনও অনেকের মনে নাড়া দেয়। তাঁর মৃত্যুতে সিডনীতে শোকের ছায়া নেমে এসেছে। করুণাময় তাঁকে পরপারে সন্মানের সাথে শান্তিতে রাখুন – আমিন।





